

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০১০.২০২২. ৭৪

তারিখ: ২৫ জানুয়ারি ১৪২৯ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ


অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব আবু জোফার মো: ছাইফুল্লাহ (২১৮৯৮), প্রভাষক (ইসলাম শিক্ষা), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী গত ১৯/০৬/২০২২ খ্রিষ্টাব্দ থেকে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (চ) “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) বিধি অনুযায়ী “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড আরোপ হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

যে অভিযোগ বিবরণীর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(মোঃ আবু বাকর সিদ্দীক)
সচিব

স্থায়ী ঠিকানা:

জনাব আবু জোফার মো: ছাইফুল্লাহ

পিতা: এম.এ. মতিন খান

গ্রাম- গুপ্তমানিক

ডাকঘর: পাচরিয়া

থানা: রাজবাড়ী সদর

জেলা: রাজবাড়ী।

বর্তমান ঠিকানা:

জনাব আবু জোফার মো: ছাইফুল্লাহ (২১৮৯৮),

প্রভাষক (ইসলাম শিক্ষা), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী।

অনুলিপি:


১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব আবু জোফার মো: ছাইফুল্লাহ (২১৮৯৮), প্রভাষক (ইসলাম শিক্ষা), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী গত ১৯/০৬/২০২২ খ্রিস্টাব্দ থেকে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, জনাব আবু জোফার মো: ছাইফুল্লাহ (২১৮৯৮), প্রভাষক (ইসলাম শিক্ষা), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) বিধি অনুযায়ী “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


১৬/০৭/২০২২
(মোঃ আবু বকর সিদ্দীক)
সচিব